

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

হেড অফিস, ঢাকা।

এষ্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট

নং-০৬.৪/

২০ অক্টোবর, ১৪২৪

০৪ ডিসেম্বর, ২০১৭

.....
তালিকা মোতাবেক

.....
ঢাকা।

বিষয় : ব্যাংকের কুমিল্লা ব্রাঞ্চার জন্য আয়রনসেফ ক্রয়ের সিডিউল।


প্রিয় মহোদয়,

ব্যাংকের কুমিল্লা ব্রাঞ্চার জন্য আয়রনসেফ সরবরাহের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ (আগস্ট, ২০১৬ পর্যন্ত সংশোধিত) এর আওতায় বিধি-৬৯(১) ও ৭১(৪) এর আলোকে স্টীলের আসবাবপত্র প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত স্পেসিফিকেশন অনুযায়ী পত্র মারফত মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	স্পেসিফিকেশন	পরিমাণ/ সংখ্যা	একক মূল্য	মোট মূল্য
১.	ক) ফায়ার প্রুফ আয়রনসেফ (ক্যাশ ভল্ট) : ব্যাংকের ফায়ার প্রুফ ক্যাশভল্টঃ ফায়ার প্রুফ লৌহ সিন্দুক সাইজ ৬০" X ৩০" X ৩০" দু'টি ড্রয়ার বিশিষ্ট ফায়ার প্রুফ, বাহিরের সাইড ৪ মিমিঃ এম.এস উন্নতমানের প্লেট দ্বারা তৈরী ও ভিতরে ১৫ গেজী উন্নতমানের সিট দ্বারা তৈরী, সাথে ১২ লিভারের ২টি তালা ৩৭.৫ মিলিমিটার, ১৪টি হুড়কা। হেয়ার শেপ রং সম্পন্ন, লক প্লেটের সাথে ২টি কার্বোরাইজিং এবং হার্ডেনিং ও হিট ট্রিটমেন্ট, প্লেট স্থাপন যাহা ড্রিল প্রুফ হতে হবে। আসবাবপত্র শাখায় পৌছানো ও ব্যাংকের নির্দেশনা অনুযায়ী স্থাপন করতে হবে।	১ টি		

দরপত্রের শর্তাবলী :

- (০১) টেন্ডার সিডিউলে যথাযথভাবে সীল স্বাক্ষর করতঃ দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ফরওয়ার্ডিংসহ দরপত্র জমা দিতে হবে;
- (০২) দরপত্রে ব্যাংকের স্পেসিফিকেশনসহ আয়রনসেফ এর একক মূল্যসহ মোট মূল্য উল্লেখ করতে হবে;
- (০৩) দরপত্র দাখিলের সময় ট্রেড লাইসেন্স, আয়কর (টিআইএন) পরিশোধ ও ভ্যাট নিবন্ধন সার্টিফিকেটসহ (সত্যায়িত) হালনগাদ কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;
- (০৪) দরপত্রে উদ্ধৃত দর, দরপত্রের তারিখ হতে ৬০ (ষাট) দিন পর্যন্ত বলবৎ থাকবে;
- (০৫) আয়রনসেফ সরবরাহের পর পে-অর্ডারের মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী পরিশোধিতব্য বিলের অংক হতে আয়কর ও ভ্যাট ইত্যাদি কেটে রাখা হবে;
- (০৬) বর্ণিত আসবাবপত্র প্রস্তুত করে রং ও বার্নিশ করার পূর্বে মালামাল গ্রহণ কমিটি কর্তৃক পরিদর্শন করার নিমিত্তে ব্যাংক-কে অবহিত করতে হবে। পরিদর্শন দল কর্তৃক সন্তোষজনক রিপোর্ট প্রদানের পর রং ও বার্নিশ করতে হবে;
- (০৭) অনুমোদিত নমুনা ও মডেল অনুযায়ী হুবহু মানসম্মত এবং বর্ণিত আসবাবপত্র নিজ খরচে ব্যাংকের কুমিল্লা ব্রাঞ্চে সরবরাহ, ফিটিং ও সেটিং করতে হবে;

পরবর্তী পাতা/২


- (০৮) কৃতকার্য দরদাতাকে কার্যাদেশে উল্লেখিত শর্তাবলী গ্রহণে সম্মতিসহ উদ্ধৃত মোট মূল্যের ১০% পাবলিক সিকিউরিটি মানি হিসেবে বিল থেকে কেটে রাখা হবে, যা অনুমোদিত মালামাল সন্তোষজনকভাবে সরবরাহের ১ বছর ২৮ দিন পর আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে;
- (০৯) নির্ধারিত সময়ের মধ্যে আসবাবপত্র সরবরাহ ও স্থাপনে ব্যর্থ হলে সময়োত্তীর্ণের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিয়ম অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (১০) প্রয়োজনবোধে আসবাবপত্র ক্রয়ের পরিমাণ (সংখ্যা) বাড়ানো বা কমানো যেতে পারে। এর ফলে উদ্ধৃত দরের কোন পরিবর্তন হবে না;
- (১১) প্রতিষ্ঠানের সীল ও স্বাক্ষরসহ দরপত্র ১১/১২/২০১৭ তারিখ বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত ব্যাংক ভবনের লেভেল-৯-এ এষ্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্টে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেয়া যাবে এবং প্রাপ্ত দরপত্রগুলো নিয়মানুযায়ী টেন্ডার ইন্ডালুয়েশন কমিটি সমীপে পেশ করা হবে;
- (১২) অ-সম্পূর্ণ দরপত্র বিবেচনা করা হবে না;
- (১৩) ব্যাংকের "মালামাল গ্রহণ কমিটি" কর্তৃক সামগ্রী নতুন, গুণগতমান সম্পন্ন ও নির্ধারিত পরিমাণ পরীক্ষা করে সামগ্রী গ্রহণ করা হবে। মালামাল সরবরাহের পর ব্রাঞ্চ হেড/দ্বিতীয় কর্মকর্তার স্বাক্ষরে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। যদি সামগ্রীটি অনুমোদিত নমুনা অনুযায়ী সরবরাহ করা না হয় তবে তা সরাসরি বাতিল করা হবে এবং সরবরাহকারীকে নিজ খরচে বাতিলকৃত সামগ্রী ফিরিয়ে নিয়ে যেতে হবে; এবং
- (১৪) বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র সম্পূর্ণ বা আংশিক গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এ বিষয়ে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ (আগস্ট, ২০১৬ পর্যন্ত সংশোধিত) এর আওতায় বিধি-৬৯(১) ও ৭১(৪) এর আলোকে আলোচ্য দরপত্র ও ক্রয় কার্য পরিচালিত হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(মোঃ মোস্তফা কামাল)

ডেপুটি জেনারেল ম্যানেজার